



## \*\* কারক-বিভক্তি \*\*

বাক্যের ক্রিয়াপদের সঙ্গে নামপদের সম্পর্কে কারক বলে , অন্য ভাবে বলা যায় বাক্যের ক্রিয়াপদের সঙ্গে অন্যান্যপদের সম্পর্কে কারক বলে। উদাহরণটি হল....

“ পাণ্ডু ইন্দ্রপ্রস্থে রাজকোষ থেকে প্রজাদের জন্য নিজের হাতে ধনরত্ন দিলেন”।

ক) পাণ্ডু, খ) ধনরত্ন, গ) নিজের হাতে, ঘ) প্রজাদের জন্য, ঙ)রাজকোষ থেকে এবং চ) ইন্দ্রপ্রস্থে-এই পদগুলি “দিলেন” – এই ক্রিয়াপদের সঙ্গে সম্বন্ধযুক্ত হয়েছে। কিরকম সম্বন্ধ ?

প্রশ্ন ও উত্তরের মধ্যে দিয়ে এই সম্বন্ধের স্বরূপ বিশ্লেষণ করা যাক।

| প্রশ্ন                 | উত্তর                      |
|------------------------|----------------------------|
| ক) কে দিলেন?           | পাণ্ডু (কর্তৃকারক)         |
| খ) কি দিলেন?           | ধনরত্ন(কর্মকারক)           |
| গ) কিসের দ্বারা দিলেন? | নিজের হাতে(করণকারক)        |
| ঘ) কাদের জন্য দিলেন?   | প্রজাদের জন্য(নিমিত্তকারক) |
| ঙ) কোথা থেকে দিলেন?    | রাজকোষ থেকে(অপাদানকারক)    |
| চ) কোথায় দিলেন?       | ইন্দ্রপ্রস্থে(অধিকরণকারক)  |

এ ছাড়াও কয়েকটি উদাহরণ দেওয়া হল ।

## \*\* কর্তৃকারক \*\*

- ০ শূন্য বিভক্তি - জল পড়ে পাতা নড়ে।
- এ বিভক্তি - হেথায় সবারে হবে মিলিবার। মরা লোকে ত কথা কয় না।
- তে বিভক্তি - বুলবুলিতে ধান খেয়েছে। গোরুতে দুধ দেয়।
- এতে বিভক্তি - চোরেতে চুরি করে।
- র-এর বিভক্তি - আমার এতক্ষণে ভাত খাওয়া হল। সভাপতির ভাষণ শেষ হল।
- ক বিভক্তি - আমাকে এখন লিখতে হবে।